

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নাম্বারঃ ৭২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭১৭]

১/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৯৬: সফরকারীকে উপদেশ দেওয়া, বিদায় দেওয়ার দো'আ পড়া ও তার কাছে নেক দো'আর নিবেদন ইত্যাদি

بَابُ وِدَاعِ الصَّاحِبِ وَوَصِيَّتِهِ عِنْدَ فِرَاقِهِ لِسَفَرٍ وَغَيْرِهِ وَالدُّعَاءُ لَهُ وَطَلَبِ الدُّعَاءِ مِنْهُ -
(96)

আরবী

وَعَنْ أَنَسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، إِنِّي أُرِيدُ سَفْرًا، فَزَوِّدْنِي، فَقَالَ: زَوَّدَكَ اللَّهُ التَّقْوَى قَالَ: زِدْنِي قَالَ: وَعَفَّرَ ذَنْبَكَ قَالَ: زِدْنِي، قَالَ: وَيَسِّرْ لَكَ الْخَيْرَ حَيْثُمَا كُنْتَ . رواه الترمذي، وقال: حديث حسن

বাংলা

৫/৭২১। আনাস রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে নিবেদন জানাল, 'হে আল্লাহর রাসূল! আমি সফরে যাব, সুতরাং আমাকে পাথেয় দিন।' তিনি উত্তরে এই দো'আ দিলেন, 'যাউওয়াদাকাল্লা-হুত্ তাকুওয়া।' অর্থাৎ আল্লাহ তোমাকে সংযমশীলতার পাথেয় দান করুন। লোকটি পুনরায় বলল, 'আমাকে আরো পাথেয় দিন।' তিনি দো'আ দিয়ে বললেন, 'অগাফারা যামবাকা।' অর্থাৎ আল্লাহ তোমার অপরাধ ক্ষমা করুন। লোকটি আবার নিবেদন করল, 'আমাকে আরো দিন।' তিনি পুনরায় দো'আ দিয়ে বললেন, 'অয়্যাস্সারা লাকাল খাইরা হাইসুমা কুন্ত।' অর্থাৎ তুমি যেখানেই থাক, আল্লাহ যেন তোমার জন্য কল্যাণ সহজ করে দেন। (তিরমিযী হাসান)[1]

English

(96) Chapter: Bidding Farewell and Advising on the Eve of Departure for a Journey or Other Things

Anas (May Allah be pleased with him) reported:

A man came to the Prophet (ﷺ) and said: "O Messenger of Allah! I intend to go on a journey, so supplicate for me." He (ﷺ) said, "May Allah grant you the provision of piety." The man said: "Please supplicate more for me." He

(ﷺ) said, "May He forgive your sins!" The man repeated: "Please supplicate more for me." Messenger of Allah (ﷺ) said, "May He facilitate for you the doing of good wherever you are."

[At-Tirmidhi].

Commentary: Spiritually speaking, the most beneficial thing that a traveller can bank upon is a benediction. So, it is desirable for a traveller to visit his fellow Muslim brother to pray for him before he starts his journey.

ফুটনোট

[1] তিরমিযী ৩৪৪৪, দারেমী ২৬৭১

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23686>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন